

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।

স্মারকনং ৪৭.৬২.৮১৮২.০০০.১৯.১১৩.১৮.২৭০

তারিখঃ ০৬-০৯-২০২০খ্রিঃ

বরাবর

জনাব

সভাপতি/ম্যানেজার, টুলটুলিপাড়া কেএসএস
পুঠিয়া ইউসিসিএ লিঃ, রাজশাহী।

বিষয়ঃ সমিতির রেজিস্ট্রেশন বাতিল করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর হতে টুলটুলিপাড়া কেএসএস এর আবেদনের প্রেক্ষিতে বিগত ০৯/০৬/২০১৫খ্রিঃ ৭.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করে যাহা সেবামূল্য সমেত ০৮/০৬/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধের বিধান থাকলেও অদ্যবধি তাহা পরিশোধ করা হয় নাই এবং সমিতির সকল কার্যক্রম পরিচালনা থেকে বিরত আছেন। বকেয়া ঋণ পরিশোধ করার জন্য বারবার আপনাকে তাগাদা প্রদান করা হলেও আপনার সমিতি ঋণ পরিশোধ এবং সমিতির কার্যক্রম পরিচালিত কোন উদ্যোগ গ্রহণ করছেন না। এমতাবস্থায়, আগামী ১৭/০৯/২০২০খ্রিঃ তারিখের মধ্যে আপনার সমিতির নিকট পাওনা ঋণ পরিশোধ করা না হলে সমবায় আইন ধারা ৩১ অনুযায়ী সমিতির নামে জমাকৃত শেয়ার সঞ্চয় হতে ঋণে সমন্বয় করে আপনার সমিতির রেজিস্ট্রেশন বাতিল করা হবে।



(মোঃ জিয়াউর রহমান)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) উপজেলা সমবায় অফিসার, পুঠিয়া, রাজশাহী।
- ৩) সভাপতি, পুঠিয়া ইউসিসিএলিঃ, পুঠিয়া, রাজশাহী।
- ৪) অফিস নথি।



উপজেলা পল্লী উন্নয়ন অফিসার